

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭২০ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ কতিপয় যিকরের বিশেষ মাহাত্ম্য

আরবী

وَعَنْ سَعْدِ بْنِ أَبِيْ وَقَاصٍ قَالَ: جَاءَ أَعْرَابِيُّ إِلَى رَسُوْلِ اللهِ عَلِيْ فَقَالَ: عَلِّمْنِي كَلاَماً أَقُولُهُ قَالَ قُلْ لَا إِلَٰهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَريكَ لَهُ اللهُ أَكْبَرُ كَبِيراً وَالحَمْدُ للهِ كَثيراً وَسُبْحَانَ اللهِ رَبِّ العَالِمينَ وَلاَ حَولَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللهِ العَزِيزِ الحَكِيمِ قَالَ: فَهَوُّلاَءِ لِرَبِّي فَمَا لِي؟ قَالَ قُلْ: اَللهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي، وَاهْدِنِي وَارْزُقْنِي رواه مسلم

বাংলা

(৩৭২০) সা'দ ইবনে আবী অক্কাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একজন বেদুঈন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সমীপে এসে নিবেদন করল, 'আমাকে একটি কথা শিখিয়ে দিন, আমি তা বলব।' তিনি বললেন, বল, 'লা ইলাহা ইল্লাল্লাহু অহদাহু লা শারীকা লাহ, আল্লাহু আকবারু কাবীরা, অলহামদু লিল্লাহি কাসীরা, অসুবহানাল্লাহি রাবিল আ'লামীন, অলা হাউলা অলা কুউওয়াতা ইল্লা বিল্লাহিল আযীযিল হাকীম।'

অর্থাৎ, এক অদ্বিতীয় আল্লাহ ব্যতীত প্রকৃত সত্য উপাস্য নেই, তাঁর কোন অংশীদার নেই। আল্লাহ সর্বাধিক মহান, আল্লাহর অতীব প্রশংসা, বিশ্বচরাচরের পালনকর্তা আল্লাহর পবিত্রতা ঘোষণা করছি। মহা পরাক্রমশালী প্রজ্ঞাময় আল্লাহর সাহায্য ছাড়া নড়া-চড়া করার (পাপ ও অশুভ জিনিস থেকে বেঁচে থাকা এবং পুণ্যার্জন ও মঙ্গল সাধন করার) ক্ষমতা নেই।

লোকটি বলল, 'এ সব কথাগুলি আমার প্রভুর জন্য হল, আমার জন্য কী?' তিনি বললেন, তুমি বল, 'আল্লা-হুম্মাগফিরলী অরহামনী অহদিনী অরযুক্তনী।'

অর্থাৎ, হে আল্লাহ! আমাকে ক্ষমা কর। আমার প্রতি দয়া কর। আমাকে সৎপথ প্রদর্শন কর ও আমাকে জীবিকা দাও।'

ফুটনোট

(মুসলিম ৭০২৩)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবৃ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন